


২০১১-২০১২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে শূন্য আসনে ও

বিশেষ কোটায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৬-০১-২০১২ ইং তারিখে অনুষ্ঠিত ভর্তি কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত মোতাবেক ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০১১-২০১২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিভাগসমূহে মেধা ও অপেক্ষমান মেধা তালিকা থেকে ১৯-০১-২০১২ ইং তারিখ পর্যন্ত ভর্তির পর যে সকল বিভাগে আসন শূন্য আছে এবং ০৪-০২-২০১২ ইং পর্যন্ত বাতিল জনিত কারণে আসন শূন্য হলে সে সকল শূন্য আসনে এবং বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, আদিবাসী, উপজাতি, প্রতিবন্ধী, খেলোয়াড় ও পোষ্য) নির্বাচিত প্রার্থীদের নিম্নের তফসীল অনুযায়ী ভর্তি করা হবে।

তফসীল

- (১) ২০১১-২০১২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিভাগসমূহে মেধা ও অপেক্ষমান মেধা তালিকা থেকে গত ১৯-০১-২০১২ ইং তারিখ পর্যন্ত ছাত্র-ছাত্রী ভর্তির পর শূন্য আসনসহ ভর্তি বাতিল জনিত কারণে শূন্য আসনে এবং আগামী ০৪-০২-২০১২ ইং তারিখ পর্যন্ত কোন বিভাগে ভর্তি বাতিল জনিত কারণে আসন শূন্য হলে উক্ত শূন্য আসনসহ সকল শূন্য আসনে আগামী ০৬-০২-২০১২ ইং তারিখের (অফিস চলাকালিন সময়ে) মধ্যে অপেক্ষমান মেধা তালিকা থেকে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। এ বিষয়ে স্ব স্ব ইউনিট তার অন্তর্ভুক্ত বিভাগসমূহ নিয়ে কার্যক্রম সম্পন্ন করবে।
- (২) বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, আদিবাসী, উপজাতি, প্রতিবন্ধী) মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ইতোপূর্বে প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী ২৯-০১-২০১২ ইং থেকে ৩১-০১-২০১২ ইং তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণকরতঃ একাডেমিক শাখায় জমা দিতে হবে এবং ০১-০২-২০১২ ইং তারিখের মধ্যে ব্যাংকে টাকা জমা দিয়ে ভর্তি হতে হবে।
বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, আদিবাসী, উপজাতি, প্রতিবন্ধী) মেধা তালিকা থেকে ভর্তির পর শূন্য আসনে অপেক্ষমান মেধা তালিকা থেকে ০৪-০২-২০১২ ইং থেকে ০৬-০২-২০১২ ইং তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- (৩) বিশেষ কোটায় খেলোয়াড় ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের আগামী ০৬-০২-২০১২ ইং তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- (৪) বিশেষ কোটায় পোষ্য ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের আগামী ০৬-০২-২০১২ ইং তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।


রেজিস্ট্রার

ইসলামী বিশ্ববিদ্যালয়।